# বাড়তি তথ্য-উপকরণ

- সিটির অধিকাংশ সার্ভিস ইমিগ্র্যাশন স্টেটাসের বিষয় বিবেচনা ছাড়াই সকল নিউ ইয়র্কবাসীদের জন্য উন্মুক্ত। মেয়রের অফিস অভ ইমিগ্র্যাশন অ্যাফেয়ার-এর কাছ থেকে তথ্য জানতে হলে 311 নম্বরে ফোন করুন বা www1.nyc.gov/immigrants ওয়েবসাইট দেখুন।

- **ActionNYC** এমন একটি প্রোগ্রাম যা আপনার ভাষায় বিশ্বস্ত কম্যুনিটি সংগঠনগুলো থেকে ফ্রি, নিরাপদ আইনি সহায়তা অফার করে।

  - অ্যাপয়েন্টমেন্ট করতে (800) 354-0365 কিংবা 311 নম্বরে সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত সোমবার থেকে শুক্রবার ফোন করুন, এবং "অ্যাকশনএনওয়াইসি” (“ActionNYC”) বলুন। অনলাইনে আরও তথ্য জানুন নিচের সাইটগুলো থেকে: www1.nyc.gov/site/actionnyc/index.page.

- আপনি উদ্বিগ্ন হলে, দুর্ভাবনাগ্রস্থ হলে, কিংবা মানসিক চাপ বোধ করলে সহায়তার ব্যবস্থা আছে: আপনি একা নন। **ThriveNYC** আপনাকে আপনার ভাষায় মানসিক স্বাস্থ্য সহায়তা পরিষেবা দেবে।

  - (888) NYC-WELL নম্বরে ফোন করুন বা “WELL” টাইপ করে 65173 নম্বরে টেক্সট করুন। অনলাইনে আরও তথ্য জানুন: nycwell.cityofnewyork.us - এই ওয়েবসাইটে।

T&I-29742 Immigration Families (Bengali/Bangla)
(June 2019)

Department of Education
Chancellor Richard A. Carranza

Mayor's Office of Immigrant Affairs



# ইমিগ্র্যান্ট পরিবারসমূহের জন্য সুরক্ষা

আপনার ইমিগ্র্যাশন স্ট্যাটাস যাই হোক্‌না কেন, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) আমাদের সকল শিক্ষার্থী ও পরিবারের অধিকার সংরক্ষণের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

Department of Education
Chancellor Richard A. Carranza

Mayor's Office of Immigrant Affairs

# আপনার অধিকার সম্পর্কে জানুন

**গোপনীয়তা:** DOE কোন শিক্ষার্থী অথবা তার পরিবারের সদস্যদের ইমিগ্র্যাশন স্ট্যাটাস সম্পর্কিত কোন প্রশ্ন জিজ্ঞেস করে না অথবা তার খোঁজ রাখে না। আপনি ইমিগ্র্যাশন সংক্রান্ত কোন কাগজপত্র আমাদের কর্মকর্তাদের কাছে দিয়ে থাকলে তারা সেটা সংরক্ষণ করবেন না। আইনি বাধ্যবাধকতা না থাকলে DOE স্টাফ শিক্ষার্থীর তথ্য কাউকে জানাবেন না।

**ভাষাগত সহায়তা:** সন্তানের স্কুল সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য ও চিঠিপত্রের ব্যাপারে সহায়তার জন্য DOE স্প্যানিশ, চায়নিজ বাংলা, আরবি, রাশিয়ান, উর্দু, হেশিয়ান ক্রিওল, ফ্রেঞ্চ এবং কোরিয়ান ভাষার পাশাপাশি 200টিরও অধিক ভাষায় আপনাদেরকে **বিনামূল্যে** অনুবাদ পরিষেবা প্রদান করে।
বাড়তি তথ্যের জন্য ওয়েবসাইট দেখুন: www.schools.nyc.gov/school-life/support/in-your-language

**নিরাপদ স্কুল:** সকল শিক্ষার্থীদের জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখতে ইমিগ্রাশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্ট (ICE) কর্মকর্তাগণসহ কোন অস্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাগণ আইন অনুযায়ী বাধ্যতামূলক না হলে এবং স্কুল DOE-এর আইনজীবীর সাথে কথা বলার পরে ছাড়া, DOE-এর স্কুলসমূহে প্রবেশ করতে পারবেন না।

### *যদি কোন ICE কর্মকর্তা স্কুলে উপস্থিত হন, তাহলে কী হবে?*

- স্কুলের সেইফটি এজেন্ট প্রিন্সিপ্যালকে ফোন করবেন, যিনি আগত অফিসারের সাথে সেইফটি ডেস্কে মিলিত হবেন। প্রিন্সিপ্যাল অফিসারকে বলবেন যে, যখন প্রিন্সিপ্যাল DOE আইনজীবীদের সাথে কথা বলবেন, তখন অফিসারকে অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাইরে অবস্থান করতে হবে।
- প্রিন্সিপ্যাল DOE-এর আইনজীবীর সাথে কথা বলবেন এবং পিতামাতা অথবা অভিভাবকদের জানাবেন। ICE কর্মকর্তাগণের কাছে যদি বৈধ আইনি ওয়ারেন্ট থাকে, কিংবা যদি কোন ইমার্জেন্সী ঘটনা ঘটে যে ক্ষেত্রে তাদের জরুরি পদক্ষেপ নেয়া প্রয়োজন, তাহলেই শুধু তারা প্রবেশ করতে পারবেন।

আরও তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:
schools.nyc.gov/SupportingAllStudents

# আপনার পরিবারকে নিরাপদে রাখুন

**আপনার তথ্য হালনাগাদ (আপডেট) করুন:** প্রাপ্তবয়স্কদের নাম এবং ফোন নম্বর যোগ করতে (উদাহরণস্বরূপ: পারিবারিক সদস্য, বন্ধু-বান্ধব, বেবিসিটার, প্রতিবেশী, অথবা স্কুলের অন্য পিতামাতা) সন্তানের স্কুলে আপনার জরুরি যোগাযোগের ব্যক্তিদের তথ্য দিন যাতে তারা আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্কুল থেকে নিতে আসতে পারে। এতে অন্তর্ভুক্ত আপনার সন্তান যে প্রি-K, চাইল্ডকেয়ার, কিংবা আফটার স্কুল প্রোগ্রামে যায়।

যদি কোন ছেলেমেয়ের তত্ত্বাবধানকারী আটক হন বা ICE কর্তৃক ডিপোর্ট হন, সেক্ষেত্রে পিতামাতা ও আইনি অভিভাবকগণ কোর্ট দ্বারা একজন **বিকল্প অভিভাবক** নিযুক্তির আবেদন করতে পারবেন। আরও জানতে 311 নম্বরে ফোন করুন এবং ফ্রি ও নিরাপদ ইমিগ্র্যাশন আইন বিষয়ক সহায়তাকারীর সাথে সংযোগ পেতে "অ্যাকশনএনওয়াইসি” (“ActionNYC”) বলুন।

### আমি অবৈধ হলেও কি আমার সন্তানকে স্কুলে দেখতে যেতে পারবো?

হ্যাঁ। DOE-এর স্কুল পরিদর্শন করতে, আপনার একটি অফিসিয়াল ছবিযুক্ত পরিচয়পত্রের প্রয়োজন হবে। DOE, IDNYC গ্রহণ করে যা সকল নিউ ইয়র্কবাসীদের জন্য NYC কর্তৃক ইস্যু করা ফ্রি মিউনিসিপ্যাল ID কার্ড। IDNYC ইমিগ্র্যাশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্য সংগ্রহ করে না। আপনি একটি ফ্রি IDNYC-এর জন্য সাইন আপ করতে পারেন নিচের ওয়েবপেজে: www.nyc.gov/IDNYC.

**সবার প্রতি মর্যাদা:**
কোন ছেলেমেয়েকে স্কুলে নিরাপত্তাহীন বোধ করতে হবে না, এটা হলো হয়রানি, হুমকি, বুলি ও বৈষম্য থেকে মুক্ত সুরক্ষিত ও সহায়ক শিক্ষণ পরিবেশ, যা সংরক্ষণ করায় DOE প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সন্তান যদি আপনাকে বলে যে সে বুলির শিকার হচ্ছে বা তাকে হয়রানি করা হচ্ছে, তাহলে অনুগ্রহ করে অবিলম্বে কোন স্কুল স্টাফের কাছে তা রিপোর্ট করুন। বুলিইং রিপোর্ট করার অন্য কিছু উপায় সম্পর্কে জানতে নিচের ওয়েবসাইট দেখুন: schools.nyc.gov/RespectforAll.